

সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ে
সফটওয়্যার টেস্টিং ল্যাব
নির্মাণ করা হবে : পলক

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে 'সফটওয়্যার টেস্টিং অ্যান্ড কোয়ালিটি অ্যান্ডারেস ল্যাব' নির্মাণ করা হবে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে এই ল্যাব নির্মাণের শুভযাত্রা শুরু হয়েছে বলে জানান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

মঙ্গলবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান বিলনায়তনের সেমিনার কক্ষে সরকার অনুদানে আইআইটিতে নির্মিত 'সফটওয়্যার টেস্টিং অ্যান্ড কোয়ালিটি অ্যান্ডারেস ল্যাব'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন, সফটওয়্যার শিল্পের বিকাশ ও প্রচারের জন্য বাজারজাত করার পূর্বেই তা যাচাই করার প্রয়োজনীয়তা রয়েছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এ ধরনের ল্যাবরেটরি প্রতিষ্ঠার ফলে বিশ্ব তথ্য প্রযুক্তিতে বাংলাদেশ আরো এগিয়ে যাবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম। আরো বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য ডা. এনামুর রহমান, উপ-উপাচার্য অধ্যাপক ড. আবুল হোসেন, সাপোর্ট টু ডেভেলপমেন্ট অব কালিয়াকৈর হাই-টেক পার্কের প্রকল্প পরিচালক এএনএম সফিকুল ইসলাম প্রমুখ।